# ডান দিক দিয়ে ঢুকে বাম পাশে গুলি, হাদীর ব্রেনে রয়ে গেল গুলির অংশ



সংগৃহীত ছবি

ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী শরিফ ওসমান হাদীর মাথায় ঢুকে বের হওয়া গুলির কয়েকটি অংশ এখনো মস্তিষ্কে রয়ে গেছে। ঢামেকে জরুরি অস্ত্রোপচার শেষে তাকে উন্নত চিকিৎসার জন্য এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয়েছে।

ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদীকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতাল থেকে এভারকেয়ার হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। শুক্রবার (১২ ডিসেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ঢামেক থেকে অ্যাম্বুলেন্সে হাদীকে নেওয়া হয় এবং রাত ৮টা ৫ মিনিটে তিনি এভারকেয়ারে পৌঁছান।

ঢামেক হাসপাতালের জরুরি বিভাগের আবাসিক চিকিৎসক ডা. মোস্তাক আহমেদ জানান, হাদীর মাথার ডান দিক দিয়ে গুলি প্রবেশ করে বাম পাশে বের হয়ে গেলেও গুলির কয়েকটি ক্ষুদ্র ধাতব অংশ এখনো মস্তিষ্কের ভেতরে রয়ে গেছে। সিটিস্ক্যানে এসব অংশ স্পষ্টভাবে ধরা পড়ে। অস্ত্রোপচারের সময় একটি অংশ বের করা গেলেও আরও কিছু অংশ ব্রেনে আটকে রয়েছে।

LENS ASIA

তিনি আরও জানান, গুলিবিদ্ধ হওয়ার পর হাদীর ব্রেনে তীব্র চাপ সৃষ্টি হয় এবং রক্তক্ষরণ শুরু হয়। চাপ কমানো ও রক্তক্ষরণ নিয়ন্ত্রণে আনতে নিউরো বিশেষজ্ঞদের একটি দল জরুরি অস্ত্রোপচার সম্পন্ন করে। শারীরিক অবস্থা স্থিতিশীল হওয়ার পর উন্নত চিকিৎসার স্বার্থে তাকে এভারকেয়ারে স্থানান্তর করা হয়েছে।

হাদীর অবস্থা এখন নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে এবং চিকিৎসকরা তার সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করছেন।